



NY State of Health-স্বয়ংক্রিয় বার্তাপ্রেরণ পরিষেবার শর্তাবলী

কার্যকর হওয়ার তারিখ: 24 জুলাই, 2024

NY State of Health-কে আপনার সেল ফোন নম্বর প্রদান করে, আপনি সংক্ষিপ্ত বার্তা পরিষেবা (Short Message Service, "SMS" বা টেক্সট), মাল্টিমিডিয়া মেসেজিং সার্ভিস (Multimedia Messaging Service, "MMS" সহ বিভিন্ন মাধ্যমে স্বয়ংক্রিয় বার্তা পেতে সম্মত হন (বা "opt-in"), অথবা এই নম্বরে NY State of Health-এর পক্ষ থেকে বা এই নম্বরে WhatsApp (সম্মিলিতভাবে "বার্তা" বা "পরিষেবা") পাঠান এবং নিশ্চিত করুন যে এই নম্বরটি আপনার। কভারেজের ফন্য স্বয়ংক্রিয় বার্তাগুলি গ্রহণ নির্বাচন করা প্রয়োজনীয় নয়।

আমাদের কাছ থেকে বার্তা পাওয়া আপনার ওয়্যারলেস টেলিফোন ক্যারিয়ার বা মোবাইল ডিভাইসের উপর নির্ভর করতে পারে। আপনার WhatsApp মেসেজ পাওয়ার ক্ষমতা নির্ভর করবে আপনার বেতার ডেটা পাওয়ার ক্ষমতা এবং WhatsApp পরিষেবার লভ্যতার উপর। বার্তা প্রদানে কোনো বিলম্ব বা ব্যর্থতার ফন্য NY State of Health দায়বদ্ধ নয়। পরিষেবাটি "যেমন আছে" সেই ভিত্তিতে প্রদান করা হয়। মেসেজ এবং ডেটা রেট প্রযোজ্য হতে পারে। আপনার পরিকল্পনা সম্পর্কে প্রশ্নের ফন্য আপনার ওয়্যারলেস প্রোভাইডারের সঙ্গে যোগাযোগ করুন।

বার্তার প্রকৃতি ও ক্রম

আপনি যখন পরিষেবার মাধ্যমে বার্তাগুলি পেতে opt-in করবেন, আমরা নিশ্চিত করার ফন্য আপনাকে একটি বার্তা পাঠাব এবং আপনি "হ্যাঁ" উত্তর দিয়ে নিশ্চিত করবেন। সাহায্যের ফন্য "সাহায্য (HELP)" টেক্সট করুন বা বার্তা পাঠান।

বাতিলকরণ

আপনি যেকোন সময় "থামো (STOP)" টেক্সট বা বার্তা পাঠিয়ে পরিষেবাটি বাতিল করতে পারেন। আপনি যে সদস্যতা ত্যাগ করেছেন তা নিশ্চিত করতে আমরা আপনাকে একটি উত্তর বার্তা পাঠাব। আপনি শুরু (START) টেক্সট বা বার্তা পাঠিয়ে আবার নির্বাচন করতে পারেন।

আপনার ফোন নম্বর যদি পরিবর্তন হয়, তাহলে আপনাকে অবশ্যই আপনার অ্যাকাউন্টের ফোন নম্বর আপডেট করতে হবে।

গোপনীয়তা বা আমরা কীভাবে আপনার ডেটা ব্যবহার করি সে সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে nystateofhealth.ny.gov/privacy.html এ আমাদের স্বয়ংক্রিয় বার্তাপ্রেরণ গোপনীয়তা নীতিগুলি পড়ুন।

পরিষেবার নীতিমালার পরিবর্তন

আমরা যে কোনও সময় আগাম বিজ্ঞপ্তি না দিয়েই আমাদের পরিষেবার শর্তাবলী পরিবর্তন করতে পারি। আমরা আপডেট করা কার্যকর তারিখ সহ সংশোধিত শর্তাবলী পোস্ট করবো। আপডেট করা শর্তাবলী পোস্ট করার পরে পরিষেবাটি ব্যবহার চালিয়ে যাওয়ার মাধ্যমে, আপনাকে অবহিত করা হয়েছে এবং পরিবর্তনগুলির দ্বারা আবদ্ধ হতে সম্মত হয়েছেন।